২৮/৪/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ৬ কলাম ৭

দৈনিক ইনকিলাব



*কৃষি বিশ্ববিদ্যালয়ে ইন্টার্নশিপ অর্থায়নের দাবীতে গতকাল শুক্রবার ভেটেরিনারি অনুষদের ছাত্রছাত্রীরা রেলপথ অবরোধ করে*

# বাকৃবিতে ভেটেরিনারী ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ মিছিল ঃ রেল লাইন অবরোধ

**কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** গতকাল (শুক্রবার) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ভেটেরিনারী চাত্র-ছাত্রীরা ইন্টার্নশীপ অর্থায়নের দাবীতে একটি বিক্ষোভ মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে সকাল ১১টায় রেল লাইন অবরোধ করে। ঢাকা-দিনাজপুরগামী আন্তঃনগর ট্রেন তিস্তা এ সময় আটকা পড়লে যাত্রীদের চরম দুর্ভোগ পোহাতে হয়। বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা অবরোধকালে এক সমাবেশে সমাবেত হয়। সমাবেশে বক্তব্য রাখেন আন্দোলন বাস্তবায়ন কমিটির আহবায়ক মোঃ আল-আমিন সাইফ, জসিম প্রমুখ। বক্তারা অভিযোগ করে বলেছেন, সরকারী কলেজগুলোতে ইন্টার্নশীপ রয়েছে। অথচ কৃষি শিক্ষার শ্রেষ্ঠ বিদ্যাপীঠ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে তা নেই এটা মেনে নেয়া যায় না।

পরিস্থিতি সামাল দিতে মহিলা ম্যাজিস্ট্রেট, প্রোক্টর, এডভাইজার ঘটনাস্থলে পুলিশ নিয়ে যায় এবং বিক্ষোভকারীদের আশ্বস্ত করলে বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা রেল অবরোধ প্রত্যাহার করে নেয়।